**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**সুরক্ষা সেবা বিভাগ**
**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**প্রশাসন-৩ শাখা**
**www.ssd.gov.bd**

স্মারক নং- ৫৮.০০.০০০০.০১৪.০৬.০০২.২০-৫৫

তারিখ : ২৩ ফাল্গুন ১৪২৭ / ০৮ মার্চ ২০২১

**বিষয় : জানুয়ারি, ২০২১-এর অধিদপ্তরসমূহের মাসিক সমন্বয়সভার কার্যবিবরণী**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জানুয়ারি, ২০২১-এর মাসিক সমন্বয়সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতৎসঙ্গে প্রেরণ করা হলো। সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনের হার্ডকপি সরাসরি ও সফট কপি (Nikosh font ১৩ সাইজে) ই-মেইল (admin3@ssd.gov.bd) -এ প্রশাসন-৩ শাখায় **১৬.০৩.২০২১ তারিখের মধ্যে** প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ সভার কার্যবিবরণী

০৮.০৩.২০২১

(মোঃ আবদুল কাদির)
উপসচিব
ফোনঃ +৮৮০২-৪৭১২৪৩৫৯
ই-মেইলঃ admin3@ssd.gov.bd

বিতরণ :

**সুরক্ষা সেবা বিভাগ :**

১. অতিরিক্ত সচিব .................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়;
২. যুগ্মসচিব ..................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়;
৩. উপসচিব .................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়;
৪. সিনিয়র সহকারী সচিব ..................(সকল),সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়;
৫. প্রোগ্রামার, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধসহ; এবং
৬. সহকারী সচিব.................(সকল),সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

**অধিদপ্তরসমূহ :**

১. মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা;
২. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা;
৩. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা;
৪. কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা এবং
৫. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

স্মারক নং- ৫৮.০০.০০০০.০১৪.০৬.০০২.২০-৫৫

তারিখ : ২৩ ফাল্গুন ১৪২৭ / ০৮ মার্চ ২০২১

**অনুলিপিঃ**

১. সিনিয়র সচিব-এর একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা;
২. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) এর ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

(মোঃ আবদুল কাদির)
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ শাখা
www.ssd.gov.bd

## সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-এর অধীন অধিদপ্তরসমূহের সাথে অনুষ্ঠিত জানুয়ারি, ২০২১ এর সমন্বয়সভার কার্যবিবরণী

**সভাপতি :** **মোঃ শহিদুজ্জামান, সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**তারিখ ও সময় :** **২৩ ফেব্রুয়ারি ২০২১, বিকাল: ০৩.০০ টা**

**স্থান :** **সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সুরক্ষা সেবা বিভাগের অধীন প্রতিটি অধিদপ্তর ও উইং-এর চলমান কার্যক্রমকে আরো গতিশীল করার লক্ষ্যে আন্তরিকতা, দক্ষতা ও নিষ্ঠার সাথে কাজ করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। তিনি আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করার জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)-কে অনুরোধ করেন। অতঃপর অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন।

| ক্র. | আলোচ্যসূচি | সিদ্ধান্ত |
|---|---|---|
| ২.১ | গত সভার (ডিসেম্বর, ২০২০) কার্যবিবরণী নিশ্চিতকরণ। | ডিসেম্বর, ২০২০-এর সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিতে তা নিশ্চিত করা হয়। |

<table>
<tr><th>ক্র.</th><th>বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্তসমূহ</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>২.২</td><td>করোনাভাইরাস সংক্রান্ত: (২২.০২.২০২০ তারিখ)
<table>
<tr><th>বিভাগ/অধিদপ্তর</th><th>আক্রান্ত কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা</th><th>এ পর্যন্ত সুস্থ কর্মকর্তা/কর্মচারির সংখ্যা</th><th>বর্তমানে চিকিৎসাধীন</th></tr>
<tr><td>এসএসডি</td><td>১৭</td><td>১৭</td><td>০</td></tr>
<tr><td>এফএসসিডি</td><td>৩০৭</td><td>৩০৫</td><td>০</td></tr>
<tr><td>প্রিজন</td><td>৩৮৫</td><td>৩৮১</td><td>(মৃত ১জন)</td></tr>
<tr><td>ডিআইপি</td><td>৫৭</td><td>৫৪</td><td>০</td></tr>
<tr><td>ডিএনসি</td><td>৯০</td><td>৯০</td><td>০</td></tr>
<tr><td>মোট</td><td>৮৫৫</td><td>৮৪৭ (৯৯.০৬%)</td><td>১</td></tr>
</table></td><td>• যে সকল কর্মকর্তা-কর্মচারী করোনাভাইরাসে-এ আক্রান্ত হয়ে কোয়ারেন্টাইনে আছেন তাদেরকে করোনা টেস্ট করে ফলাফল নেগেটিভ মর্মে সনদ জমা দিয়ে অফিস শুরু করতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান অব্যাহত রাখা।</td><td>অধিদপ্তর প্রধান (সকল)/ অনুবিভাগ প্রধান (সকল)</td></tr>
<tr><td>২.৩</td><td colspan="3">সমন্বয়সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা</td></tr>
<tr><td></td><td>(ক) মসবৈ-০৫(০২)-২০১৪, তারিখ :১০ ফেব্রুয়ারি ২০১৪<br><br>সিদ্ধান্ত : ৮। সারসংক্ষেপের সঙ্গে উপস্থাপিত বাংলাদেশ ও ব্রাজিলের মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল/সার্ভিস পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের প্রস্তাব অনুমোদন করা হইল।<br><br>• বাংলাদেশের ই-পাসপোর্ট এর (কূটনৈতিক ও অফিসিয়াল) স্পেসিম্যান কপি পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। চুক্তিটি এখনো বাস্তবায়ন করা সম্ভব হয়নি।<br><br>• পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে আন্তমন্ত্রণালয় সভা করা হয়নি।</td><td>• বাংলাদেশ ও ব্রাজিলের মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল/সার্ভিস পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিটি স্বাক্ষরের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়-এর সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখা।<br><br>• চুক্তি স্বাক্ষরের বিষয়টি ত্বরান্বিত করার লক্ষ্যে পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে একটি আন্তমন্ত্রণালয় সভার আয়োজন করা।</td><td>অতিরিক্ত সচিব (নিরা: ও বহি:)/ মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর।</td></tr>
<tr><td></td><td>(খ) মসবৈ-১৪(০৫)-২০১৪, তারিখ : ০৫ মে ২০১৪<br><br>সিদ্ধান্ত : ৮। সারসংক্ষেপের সঙ্গে উপস্থাপিত বাংলাদেশ ও সার্বিয়ার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের প্রস্তাব অনুমোদন করা হইল।<br><br>• বাংলাদেশ ও সার্বিয়া সরকারের মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীগণের অনুকূলে ভিসা অব্যাহতি বিষয়ক চুক্তিটি স্বাক্ষর সংক্রান্তে গত ৩০.১২.২০২০ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয় হতে এ বিভাগে প্রেরিত পত্রে উল্লেখ রয়েছে যে, বর্তমান কোভিড-১৯ মহামারীর জন্য নিকট ভবিষ্যতে আলোচ্য চুক্তিটি দুই দেশের প্রতিনিধিদের উপস্থিতিতে স্বাক্ষর করা দুরুহ হবে। ভবিষ্যতে মহামারী পরিস্থিতির উন্নতি হলে কোন ভিআইপ সফরে অথবা রোমে নিযুক্ত মান্যবর রাষ্ট্রদূতের মাধ্যমে উক্ত চুক্তিটি স্বাক্ষর করা যেতে পারে বলে বাংলাদূত, রোম অভিমত ব্যক্ত করেন।<br><br>• পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে আন্তমন্ত্রণালয় সভা করা হয়নি।</td><td>• বাংলাদেশ ও সার্বিয়ার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল/সার্ভিস পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিটি স্বাক্ষরের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়-এর সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখা।<br><br>• চুক্তি স্বাক্ষরের বিষয়টি ত্বরান্বিত করার লক্ষ্যে পররাষ্ট্র মন্ত্রণালয়ের আন্তমন্ত্রণালয় সভার আয়োজন করা।</td><td>অতিরিক্ত সচিব (নিরা: ও বহি:)/ সংশ্লিষ্ট শাখা প্রধান</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | [illegible] ২৮ অক্টোবর ২০১৯/১২ কার্তিক ১৪২৬ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের সিদ্ধান্ত :<br><br>**সিদ্ধান্ত :** ১৪। **বাংলাদেশ ও সাউথ আফ্রিকার মধ্যে স্বাক্ষরের জন্য** 'Agreement between The Government of The Republic of South Africa and The Government of the People's Republic of Bangladesh regarding the waiver of Visa requirement for holders of Diplomatic and Official Passports' **শীর্ষক চুক্তির খসড়া অনুমোদন**<br><br>• চুক্তিটি স্বাক্ষরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ৭ নভেম্বর ২০১৯ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। বাংলাদেশ ও সাউথ আফ্রিকা সরকারের মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীগণের অনুকূলে ভিসা অব্যাহতি বিষয়ক চুক্তিটি স্বাক্ষর সংক্রান্ত অগ্রগতি এ বিভাগ কে অবহিত করার জন্য-২৫ জানুয়ারি, ২০২১ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়।<br><br>• পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে আন্তমন্ত্রণালয় সভা করা হয়নি। | • বাংলাদেশ ও সাউথ আফ্রিকার মধ্যে চুক্তিটি দ্রুত স্বাক্ষরের জন্য মহাপরিচালক পর্যায়ে সভা করার জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়-এর সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখা।<br><br>• চুক্তি স্বাক্ষরের বিষয়টি ত্বরান্বিত করার লক্ষ্যে পররাষ্ট্র মন্ত্রণালয়ের আন্তমন্ত্রণালয় সভার আয়োজন করা। | **অতিরিক্ত সচিব (নিরা: ও বহি:)/ সংশ্লিষ্ট শাখা প্রধান** |
| | (ঘ) মসবৈ-০৫(০২)-২০১৬, তারিখ : ০১ ফেব্রুয়ারি ২০১৬<br><br>**সিদ্ধান্ত:** ৮। **মন্ত্রিসভা বৈঠকের আলোচনা অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ সাপেক্ষে সারসংক্ষেপের সঙ্গে উপস্থাপিত 'বাংলাদেশ নাগরিকত্ব আইন, ২০১৬' এর খসড়া চূড়ান্তভাবে অনুমোদন করা হইল।**<br><br>• খসড়া আইনের বিষয়ে সচিব, সুরক্ষা সেবা বিভাগ এবং আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের মধ্যে এতদ্বিষয়ে ০২.০৮.২০১৭ তারিখে ১টি বৈঠক অনুষ্ঠিত হয়। লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়কে ০৭.০৫.২০১৮ তারিখে তাগিদ পত্র প্রেরণ করা হয়েছে।<br><br>**মন্তব্যঃ বিষয়টি আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে পেন্ডিংআছে।** | • লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সাথে ব্যক্তিগত ও দাপ্তরিক যোগাযোগ অব্যাহত রেখে ভেটিং কার্যক্রম সম্পন্ন করা। | **সকল অনুবিভাগ প্রধান/সংশ্লিষ্ট শাখা প্রধান** |
| | (ঙ) মসবৈ২৮-(১০)-২০১৮, তারিখ: ০৮ অক্টোবর ২০১৮<br><br>**বিষয়: মাদকদ্রব্য নিয়ন্ত্রণ (সংশোধন) আইন, ২০২০।**<br><br>**সিদ্ধান্ত:** মাদকদ্রব্য নিয়ন্ত্রণ (সংশোধন) আইন ২০২০-সংশোধনের প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা দ্রুত সম্পন্ন করা।<br><br>• মন্ত্রিসভার বৈঠকে ০১ সেপ্টেম্বর, ২০২০ তারিখে খসড়াটি চূড়ান্তভাবে অনুমোদিত হয়। বাংলাদেশ জাতীয় সংসদে উত্থাপনের জন্য বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ে ৩০.০৯.২০২০ তারিখে প্রেরণ করা হয়। **১৯.১১.২০২০ তারিখে মহান জাতীয় সংসদে পাশ হয়েছে।** | বাস্তবায়িত | **মহাপরিচালক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর** |
| | (চ) মসবৈ-২৯(১০)-২০০৬, তারিখ : ০৯.১০.২০০৬<br><br>**বিষয়ঃ জেল কোড সংশোধনের প্রস্তাব চূড়ান্ত অনুমোদন।**<br><br>**মন্ত্রিসভার সিদ্ধান্ত :** Jail Code **এর যেই সকল সংশোধন বা সংস্কার সম্পর্কিত বিধান বিভিন্ন আইনের সহিত সংশ্লিষ্ট প্রথমে উক্ত আইন/আইনসমূহ সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সহিত পরামর্শক্রমে সংশোধন করিবার উদ্যোগ গ্রহণ করিয়া পর্যায়ক্রমে সংশোধিত বিধানসমূহ কার্যকর করিতে হইবে।**<br><br>**বাস্তবায়নে : আইজি প্রিজন/অতিরিক্ত সচিব (কারা)/সংশ্লিষ্ট উপকমিটি**<br>৮.৪। Jail Code-এর **বাংলা ভাষায় একটি অনুবাদ প্রকাশ করিবার ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।**<br><br>• 'Bangladesh Prison's Correctional Services Act, ২০১৭'-এর প্রণয়ন কাজ শেষে Jail Code-এর বাংলা ভাষায় অনুবাদের কাজ শুরু করা হবে।<br><br>• এতদসংশ্লিষ্ট কমিটি জানান, খসড়াটি চূড়ান্ত পর্যায়ে রয়েছে। | • মন্ত্রিসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্ত 'জেল কোড সংশোধন' জেল কোড সংশোধন কার্যক্রম দ্রুত সম্পন্ন করা। | **সকল অনুবিভাগ প্রধান/সংশ্লিষ্ট শাখা প্রধান** |
| | (ছ) মসবৈ-০৬ (০৪)/২০১৯, **তারিখ : ০১ এপ্রিল ২০১৯**<br><br>বিষয়-১: **দেশে অগ্নিনির্বাপণ প্রতিরোধে করণীয় নির্ধারণ**<br>বিষয়১-: **দেশে অগ্নিনির্বাপণে করণীয় নির্ধারণ**<br><br>**মন্ত্রিসভার সিদ্ধান্ত : ৭।১.** দেশে অগ্নিদুর্ঘটনার কারণ এবং করণীয় সম্পর্কে বিশদ আলোচনা হয়। দেশে বহুতল ভবন নির্মাণের ক্ষেত্রে 'Bangladesh National Building Code'-এর যথাযথ অনুসরণ এবং উহার প্রয়োগ নিশ্চিত করিবার আবশ্যকতা রহিয়াছে। দেশে জলাশয়, পুকুর, প্রভৃতি ভরাট করিয়া অপরিকল্পিতভাবে | • মন্ত্রিসভা-বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী অগ্নিদুর্ঘটনা প্রতিরোধে আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত বাস্তবায়নপূর্বক অগ্রগতি সমন্বয়সভায় উপস্থাপন করা।<br><br>• মোবাইল কোর্ট আইন, ২০০৯ | **মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর/ অগ্নি অনুবিভাগ** |

<table>
<tr>
<td></td>
<td>ভবন নির্মাণের প্রবণতা পরিলক্ষিত হয়। ভবন নির্মাণের ক্ষেত্রে প্রায়শই বাংলাদেশের ভূপ্রকৃতি বিবেচনা করিয়া নকশা প্রণয়ন করা হয় না। ভবনে অগ্নিনির্বাপণ ব্যবস্থা নিশ্চিতকরণের বিষয়ে বাধ্যবাধকতা থাকিলেও ইহার কার্যকারিতা নিয়মিতভাবে পরীক্ষা ও পরিবীক্ষণ করা হয় না। ইহা ছাড়া এই বিষয়ে প্রশিক্ষিত ব্যাক্তির সংখ্যাও অপ্রতুল। অগ্নিদুর্ঘটনা প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করাও আবশ্যক। এই লক্ষ্যে দেশের সকল স্তরে অগ্নিনির্বাপণ, জরুরি উদ্ধার, জরুরি বহির্গমন ও প্রাথমিক চিকিৎসা বিষয়ক প্রশিক্ষণ/ফায়ার ড্রিল এর আয়োজন করা আবশ্যক।<br><br>
<u>বাস্তবায়ন অগ্রগতি :</u><br>
#২০০৯ খ্রিষ্টাব্দে জনবল ৬১৭৫ হতে অদ্যাবধি ১৩,১১০ জনে উন্নীত করা হয়েছে,<br><br>
#উচু ভবন হতে উদ্ধার সক্ষমতা ৬ তলা হতে ১৯ তলায় উন্নীত করা হয়েছে,<br><br>
# ২২৩ কোটি ৩৮ লক্ষ ৪৩ হাজার টাকা ব্যয়ে ৫৬প্রকার আধুনিক ও যুগোপযোগী গাড়ি-পাম্প ও উদ্ধার সরঞ্জামাদি সংগ্রহ করা হয়েছে, ফায়ার স্টেশনের সংখ্যা ১৪৮টি হতে ৪৩৬টিতে উন্নীত করা হয়েছে।<br><br>
#১,১৩৮ জনকে বৈদেশিক প্রশিক্ষণ এবং ২৮,৬৫৭ জনকে অভ্যন্তরীণ প্রশিক্ষণ দেয়া হয়েছে।<br><br>
#২০১৯ খ্রিঃ-এ ২৪১ জন কর্মকর্তা/কর্মচারীকে বৈদেশিক উচ্চতর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br><br>
#১৬,৯৬৬টি বেসামরিক প্রশিক্ষণ কোর্স এর মাধ্যমে ৬,৭৮,৬৪০ জনকে অগ্নিনির্বাপণ/দুর্যোগ মোকাবেলা বিষয়ে প্রশিক্ষণ করা হয়েছে।<br><br>
#৬০,০০০ ভলান্টিয়ার তৈরির অংশ হিসেবে ইতোমধ্যে ৪৪,৭১২ জনকে সহযোগী জনবল হিসেবে প্রস্তুত করা হয়েছে।<br><br>
#অ্যাম্বুলেন্স সংখ্যা বৃদ্ধিকল্পেও ১টি প্রকল্প গ্রহণ করা হয়েছে।<br><br>
<u>মন্ত্রিসভার সিদ্ধান্ত:</u> অগ্নিপ্রতিরোধ ও নির্বাপণ আইন, ২০০৩ অনুযায়ী নিয়মিত ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা।<br><br>
বাস্তবায়ন অগ্রগতি :বিবেচ্যমাসে বিভিন্ন প্রতিষ্ঠানে মোবাইল কোর্ট পরিচালনা কার্যক্রম অব্যাহত আছে।</td>
<td>অনুযায়ী অভিযান পরিচালনাকালে শাস্তি প্রদানের ক্ষেত্রে অগ্নিপ্রতিরোধ ও নির্বাপণ আইন, ২০০৩-এর সাথে অসামঞ্জস্যতার বিষয়টি নিরসনে দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণ করা।<br><br>
• অগ্নিপ্রতিরোধ ও নির্বাপণের গৃহীত ব্যবস্থা (যেমন মহড়া সংখ্যা, ভ্রমণ পরিদর্শন, প্রশিক্ষণ কোর্স, দূর্ঘটনায় উদ্ধারকার্য ইত্যাদির) তুলনামূলক চিত্র ছকে উপস্থাপন করা।</td>
<td></td>
</tr>
<tr>
<td></td>
<td><u>(ট)</u> মসবৈ-১৪(০৮)/২০১৯, তারিখ : ২৬ আগস্ট ২০১৯<br><br>
সিদ্ধান্ত: ৯.৩। ইংরেজি ভাষায় প্রণীত বিদ্যমান আইনসমূহ যুগোপযোগী করিয়া বাংলায় প্রণয়ন করিবার বিষয়ে মন্ত্রণালয়/বিভাগের সচিবগণ কার্যকর উদ্যোগ গ্রহণ করিবেন।
<table>
<tr><td>১</td><td>প্রিজন</td><td>১. The Prisons Act, 1894<br>২. The Bengal Jail Code, 1894<br>৩. The Prisoners Act, 1900</td></tr>
<tr><td>২</td><td>ডিআইপি</td><td>১. The Bangladesh Passport Order, 1973 (President's Order no. 09 of 1973)<br>২. The Passport Act, 1920<br>৩. The Registration of Foreigners Act, 1939<br>৪. The Foreigners Act, 1946<br>৫. The Citizenship Act, 1951<br>৬. The Passport (Offences) Act, 1952<br>৭. The Control of Entry Act, 1952<br>৮. The Bangladesh Citizenship (Temporary Provisions Order), 1972</td></tr>
<tr><td>৩</td><td>এফএসসিডি</td><td>শূন্য</td></tr>
<tr><td>৪</td><td>ডিএনসি</td><td>শূন্য</td></tr>
</table>
বাস্তবায়ন অগ্রগতি:ইতোমধ্যে উল্লেখিত ৮টি আইনের মধ্যে The Registration of Foreigners Act, ১৯৩৯, The Foreigners Act, ১৯৪৬ ও The Control of Entry Act, ১৯৫২ বাংলায় প্রণয়ন কার্যক্রম শেষ হয়েছে। যা এ বিভাগে পাওয়া গেছে।</td>
<td>• ইংরেজি ভাষায় প্রণীত বিদ্যমান ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের-৮টির মধ্যে বাকি ৫টি ও কারা অধিদপ্তর সংশ্লিষ্ট ৩টি আইন যুগোপযোগী করে বাংলায় প্রণয়নে যথাযথ উদ্যোগ গ্রহণ করা এবং অগ্রগতি সমন্বয়সভায় উপস্থাপন করা।</td>
<td>সংশ্লিষ্ট অনুবিভাগ/ সংশ্লিষ্ট অধিদপ্তর প্রধান</td>
</tr>
<tr>
<td>২.৪</td>
<td colspan="2">ই-টেন্ডারিং :<br>
<table><tr><td>ডিআইপিঃ ২০২০-২১ অর্থবছরে ৫টি পণ্য/প্যাকেজ ক্রয়ের জন্য দরপত্র</td><td>সিদ্ধান্তসমূহ :</td></tr></table></td>
<td>অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | আহ্বানের বিষয়টি প্রক্রিয়াধীন আছে। ই-জিপিতে ৩টি দরপত্র বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশ করা হয়েছে।<br>• জানুয়ারি-২০২১ ইজিপি-তে ১৭৫টি ডেস্কটপ ও ২৫টি ল্যাপটপ ক্রয়ে দরপত্র আহবানপূর্বক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। দাপ্তরিক প্রাক্কলিত মূল্য-১৭,৭৮৩,৩৩৩/-<br>• ১৫০টি স্ক্যানার ক্রয়ে দরপত্র আহবানপূর্বক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। দাপ্তরিক প্রাক্কলিত মূল্য-১,৭৩,৫০,০০০/-।<br>• ৫০টি এডিশনাল প্রিন্টার ক্রয়ে দরপত্র আহবান করা হয়েছে। দাপ্তরিক প্রাক্কলিত মূল্য- ৪২,৫০,০০০/-<br>• টরেন্টো কানাডার জন্য MRP ও MRV সংশ্লিষ্ট যন্ত্রপাতি ও সেবা ক্রয়ে দরপত্র আহবান করে পত্রিকায় বিজ্ঞপ্তি আহবান করা হয়েছে। দাপ্তরিক প্রাক্কলিত মূল্য- ৫৮,৪৪.০০০/-<br>• ০৪টি ২০০ কেভিএ অনলাইন UPS ক্রয়ে দরপত্র আহবান করে পত্রিকায় বিজ্ঞপ্তি আহবান করা হয়েছে। দাপ্তরিক প্রাক্কলিত মূল্য- ১,৮৫,৮৬,৬৬৬/-<br>**ডিএনসিঃ** জানুয়ারি, ২০২১-এ ইজিপিতে কোন টেন্ডার আহবান করা হয়নি।<br>**এফএসসিডিঃ** ২৫ প্রকল্পের অধীন (সংশোধীত ৪৬ প্রকল্প) ৭টি ও ১১ মডার্ন ফায়ার প্রকল্পের অধীন ৬টি টেন্ডার আহ্বান/ক্রয় সম্পন্ন করা হয়েছে। জানুয়ারি, ২০২১-এ বেতার সামগ্রীর ০৬টি পণ্য ই-জিপিতে ক্রয়ের জন্য ই- বিজ্ঞাপন দেওয়া হয়েছে।<br>**প্রিজনঃ** ২০২০-২০২১ অর্থবছরে জানুয়ারি, ২০২১ পর্যন্ত ৩৭টি প্যাকেজের দরপত্র ই-জিপির মাধ্যমে আহবান করা হয়েছে। ২৭টি প্যাকেজের চুক্তিপত্র সম্পাদন শেষে কার্যাদেশ প্রদান করা হয় ও ১০টি প্যাকেজ মূল্যায়ন প্রক্রিয়ায় রয়েছে। | • বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুসারে সকল প্রকার ক্রয় কার্যক্রম PPR আইন অনুসরণপূর্বক ইজিপিতে সম্পাদন অব্যাহত রাখা;<br>• পিপিআর আইন যথাযথভাবে অনুসরণ করে রেশন সামগ্রীসহ সকল প্রকার পণ্য/সেবা/ওয়ার্কস সংগ্রহ করা।<br>• জরুরি পরিস্থিতি ব্যতিত ডিপিএম পদ্ধতিতে কোন প্রকার পণ্য/সেবা/ওয়ার্কস সংগ্রহ/ক্রয় না করা।<br>• পিপিআর আইন অনুসরণপূর্বক বাজার দর যাচাই কমিটি কর্তৃক যথাযথভাবে বাজার দর যাচাই করে পণ্য/সেবা ক্রয় সম্পন্ন করা, ক্রয় কার্যক্রম সংশ্লিষ্ট অনুবিভাগ কর্তৃক follow up-এ রাখা। | **অনুবিভাগ প্রধান/উপসচিব (প্রশাসন-২)** |
| ২.৫ | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি :**<br>**বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ফোকাল পয়েন্ট জানান, চুক্তি অনুযায়ী এখনও কিছু কিছু সূচকে কাংখিত অর্জন সম্পাদন করা সম্ভব হয়নি। যেমনঃ**<br>**ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরঃ**<br>• পর্যায়ক্রমে সকল অফিসে ইলেক্ট্রনিক কিউ সিস্টেম চালুকরণ<br>• ডে-কেয়ার সেন্টার স্থাপন<br>• ইমিগ্রেশন আইনের খসড়া সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ<br>• শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময়<br>• সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবা গ্রহীতাদের অবহিতকরণ<br>• কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান<br>• অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন<br>**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরঃ**<br>• মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে পরিচালিত মাদকবিরোধী সচেতনতামূলক কার্যক্রম,<br>• উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে পরিচালিত মাদকবিরোধী সচেতনতামূলক কার্যক্রম<br>• মানবদেহে মাদকের ক্ষতিকর প্রভাব সম্পর্কিত ফেস্টুন ( প্লাষ্টিক বোর্ড ) বিতরণ<br>• কারাগারসমূহে পরিচালিত মাদকবিরোধী সচেতনতামূলক কার্যক্রম<br>• শিক্ষা প্রতিষ্ঠানে পরিচালিত ক্লাসে/অনলাইন ক্লাসে মাদকবিরোধী সচেতনতামূলক কার্যক্রম<br>• শিক্ষা প্রতিষ্ঠানে ও কারাগার ব্যতীত অন্যান্য স্থানে আয়োজিত মাদকবিরোধী কার্যক্রম<br>• মাদকবিরোধী প্রচার কাজের নিমিত্ত প্রতি জেলায় কিয়স্ক ও জীবানুনাশক হ্যান্ড স্যানিটাইজার বিতরণ<br>• মাদকবিরোধী প্রচার কার্যক্রম , মাদকের ক্ষতি হ্রাস ও মাদক সরবরাহ হ্রাসকরণে ওয়েবিনার প্রচার<br>• কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান<br>**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরঃ**<br>• জনসচেতনতার লক্ষ্যে অগ্নি দুর্ঘটনা, উদ্ধার ও ভূমিকম্প প্রতিরোধমূলক মহড়া আয়োজন | **সিদ্ধান্তসমূহ :**<br>• লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের বিষয়ে দপ্তর/সংস্থা প্রধান, সংশ্লিষ্ট কর্মকর্তা, এপিএ টিম প্রধান এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তার সাথে দপ্তর/সংস্থায় মতবিনিময় সভা আয়োজন করতে হবে;<br>• সুরক্ষা সেবা বিভাগ সংশ্লিষ্ট সূচকসমূহ বাস্তবায়নে দ্রুত কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে;<br>• উন্নয়ন প্রকল্প সংশ্লিষ্ট কার্যক্রমের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনে প্রকল্প পরিচালকগণকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করতে হবে;<br>• বিভিন্ন জনসম্পৃক্ত কার্যক্রমসমূহের লক্ষ্যমাত্রা অর্জনে দ্রুত কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে;<br>• প্রতিটি সূচকের জন্য পৃথক পৃথক এবং যথাযথ প্রমাণক দাখিল করতে হবে;<br>• সভা আয়োজনের প্রমাণক হিসেবে কার্যবিবরণী দাখিল করতে হবে। | **অধিদপ্তর প্রধান (সকল)/সুরক্ষা সেবা বিভাগের এপিএ টিম ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা** |

<table>
<tr><td></td><td>

- জনসচেতনতার লক্ষ্যে টপোগ্রাফি, জন ও গণসংযোগ পরিচালনা
- অগ্নিনির্বাপণ, উদ্ধার, প্রাথমিক চিকিৎসা ও ভূমিকম্প সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রদানকৃত মৌলিক প্রশিক্ষণ
- বিভিন্ন প্রতিষ্ঠানের অগ্নি নিরাপত্তা ব্যবস্থাদি জোরদারকরণ
- প্রকল্পের আওতায় ফায়ার স্টেশন স্থাপন
- ২৫ (সংশোধিত-৪৬০) প্রকল্পের আওতায় ফায়ার স্টেশন স্থাপন
- ডুবুরি ইউনিট সম্প্রসারণ

**কারা অধিদপ্তরঃ**

- কারাবন্দিদের কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান
- প্যারালিগ্যাল সার্ভিস কার্যক্রম বাস্তবায়ন

</td><td></td><td></td></tr>
<tr><td>২.৬</td><td>

**জনবল :**

**সুরক্ষা সেবা বিভাগ এবং অধীন অধিদপ্তরসমূহের শূন্যপদ পূরণ কার্যক্রম সংক্রান্ত তথ্যাদি :**

<table>
<tr><th>মন্ত্রণালয়/ অধিদপ্তর</th><th>অনুমোদিত পদ</th><th>পূরণকৃত পদ</th><th>শূন্যপদ</th></tr>
<tr><td>সুরক্ষা সেবা বিভাগ</td><td>২৭৭</td><td>২০৬</td><td>৭১</td></tr>
<tr><td>ডিএনসি</td><td>৩,০৫৯</td><td>১,৪৫৬</td><td>১,৬০৩</td></tr>
<tr><td>এফএসসিডি</td><td>১৩,১৫২</td><td>১১,৭৩৬</td><td>১,৪১৬</td></tr>
<tr><td>প্রিজন</td><td>১২,১৭৮</td><td>১০,১৫৬</td><td>২০২২</td></tr>
<tr><td>ডিআইপি</td><td>১,১৬১</td><td>১,১৬০</td><td>৫৫</td></tr>
<tr><td>মোট =</td><td>২৯,৮২৭</td><td>২৪,৬৬০</td><td>৫,১৬৭</td></tr>
</table>

</td><td>

- অধিদপ্তরসমূহের নবসৃষ্ট শূন্যপদসহ সকল শূন্যপদের বিপরীতে নিয়োগ প্রক্রিয়া নির্ধারিত সময়ের মধ্যে ও স্বচ্ছতার সাথে সম্পন্ন করা;
- ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের পদ সৃজনের চলমান কার্যক্রম দ্রুত সম্পন্ন করা।
- ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের যে সকল ফায়ার স্টেশনের নির্মাণকাজ ইতোমধ্যে শেষ হয়েছে অথচ লোকবলের অভাবে চালু করা যাচ্ছে না সে সকল স্টেশন দ্রুত চালু করার জন্য নিয়োগ কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করা।

</td><td>অধিদপ্তর প্রধান(সকল)/ সংশ্লিষ্ট উইং প্রধান/উপসচিব (প্রশাসন-১)</td></tr>
<tr><td>২.৭</td><td>

**অডিটঃ**

<table>
<tr><th>সংস্থা</th><th>মোট আপত্তি</th><th>জড়িত টাকা</th><th>নিষ্পত্তি</th><th>অবশিষ্ট</th></tr>
<tr><td>এসএসডি</td><td>৮</td><td>৮,৩৫,৭৭,৩৭৩</td><td>৪</td><td>৪</td></tr>
<tr><td>ডিআইপি</td><td>৬২</td><td>৫৮২,৪৬,২৫,১৩৯</td><td>১৬</td><td>৪৬</td></tr>
<tr><td>ডিএনসি</td><td>১১৫</td><td>৭২৬,৬৮,৮৫,০০৫/০৪</td><td>১০৫</td><td>১০</td></tr>
<tr><td>প্রিজন</td><td>৪৩৭</td><td>১৫১,৪৩,৫৪,৫২৬</td><td>২১০</td><td>২২৭</td></tr>
<tr><td>এফএসসিডি</td><td>১২</td><td>২,৫৩,৮২,৬৮৯</td><td>০</td><td>১২</td></tr>
<tr><td>মোট</td><td>৬৩৪</td><td>১৪৭১ কোটি ৪৮ লক্ষ ২৪ হাজার ৭৩২ টাকা</td><td>৩৩৫</td><td>২৯৯</td></tr>
</table>

</td><td>

- প্রত্যেক মাসে সমন্বয়সভায় নির্ধারিত ছকে অডিট আপত্তির তথ্য প্রদান অব্যাহত রাখা;
- সাধারণ আপত্তি যেন অগ্রিম আপত্তিতে রূপান্তরিত না হয় সে জন্য যথাসময়ে প্রমাণকসহ জবাব দেয়া।
- অগ্রিম অডিট আপত্তিসমূহ দ্রুত নিস্পত্তির জন্য জরুরিভিত্তিতে অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগপূর্বক দ্বিপক্ষীয়/ত্রিপক্ষীয় সভার আয়োজন করা।

</td><td>সংশ্লিষ্ট অনুবিভাগ /অধিদপ্তর প্রধান(সকল)/ উপসচিব (বাজেট-২) ও ফোকাল কর্মকর্তা</td></tr>
<tr><td>২.৮</td><td>

**পেনশনঃ**

- ১৫.১২.২০২০ তারিখে সিনিয়র কারা তত্ত্বাবধায়ক মরহুম আবু জাহেদ-এর ১৮ মাসের মূল বেতনের সমান পরিমাণ টাকা ল্যাম্পগ্র্যান্ট মঞ্জুরী প্রদান করা হয়েছে।

</td><td>

- পেনশন কেসসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করা।

</td><td>সংশ্লিষ্ট অধিদপ্তর প্রধান/ সংশ্লিষ্ট অনুবিভাগ</td></tr>
<tr><td>২.৯</td><td>

**পরিদর্শনঃ জানুয়ারি, ২০২১**

অগ্রগতিঃ

<table>
<tr><th>বিভাগ/ সংস্থা</th><th>পরিদর্শনকৃত স্থাপনার সংখ্যা</th></tr>
<tr><td>এফএসসিডি</td><td>

- ব্রিগেডিয়ার জেনারেল মোঃ সাজ্জাদ হোসাইন, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, এমফিল, মহাপরিচালক কর্তৃক ৬টি স্থাপনা,
- লেঃ কর্নেল সিদ্দিক মোহাম্মদ জুলফিকার রহমান, বিএসপি,
- পিএসসি, ইঞ্জিনিয়ার্স, পরিচালক(পঃউঃপ্রঃ) কর্তৃক ৬টি স্থাপনা,
- লেঃ কর্নেল জিল্লুর রহমান, পিএসসি, পদাতিক পরিচালক, (অপাঃওমেইনঃ) কর্তৃক ৩টি স্থাপনা,
- মোঃ রিজওয়ানুল হুদা যুগ্মসচিব ও প্রকল্প পরিচালক (১৫৬- প্রকল্প) কর্তৃক ১টি স্থাপনা এবং
- মোঃ শহীদ আতাহার হোসেন,
- উপসচিব ও প্রকল্প পরিচালক (১১ মডার্ন প্রকল্প) কর্তৃক ২টি স্থাপনা পরিদর্শন করা হয়েছে।

</td></tr>
</table>

</td><td>

- প্রত্যেক মাসে অধীন দপ্তরসমূহের মহাপরিচালকসহ উর্ধ্বতন কর্মকর্তাগণ কর্তৃক নিয়মিত চলমান উন্নয়ন প্রকল্পসহ ও অধস্তন দপ্তরসমূহের কার্যক্রম পরিদর্শন অব্যাহত রাখা;
- চলমান উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি এবং মাঠ পর্যায়ের দপ্তর কর্তৃক প্রদত্ত সেবার মান যাচাই করা এবং সেবার মান উন্নয়নে সেবা গ্রহীতাদের সাথে মত বিনিময় করা, বিরাজমান গুরুতর সমস্যাসমূহ উর্ধ্বতন কর্মকর্তার নিকট মতামতসহ লিখিতভাবে অবহিত করা।

</td><td>অধিদপ্তর প্রধান (সকল)/ অনুবিভাগ প্রধান (সকল)</td></tr>
</table>

<table>
<tr>
<td></td>
<td>
<table>
<tr><td>ডিআইপি</td><td>• মেজর জেনারেল মোহাম্মদ আইয়ূব চৌধূরী, এসজিপি, পিবিজিএমএস, এনডিসি, পিএসসি, মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর কর্তৃক ১টি, এবং<br>• জনাব সাইদুর রহমান খান, পরিচালক (পাসপোর্ট, ভিসা ও পরিদর্শন) কর্তৃক ১টি স্থাপনা পরিদর্শন করা হয়েছে।</td></tr>
<tr><td>ডিএনসি</td><td>--</td></tr>
<tr><td>প্রিজন</td><td>• ব্রিগেডিয়ার জেনারেল মোঃ মোমিনুর রহমান মামুন, কারা মহাপরিদর্শক কর্তৃক ৬টি, এবং<br>• কর্নেল মোঃ আবরার হোসেন, অতিরিক্ত কারা মহাপরিদর্শক কর্তৃক ১টি স্থাপনা পরিদর্শন করা হয়েছে।</td></tr>
</table>
</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>২.১০</td>
<td>অনিষ্পন্ন বিষয়/পত্রাদি :<br>সভায় অধিদপ্তর প্রধান সকলেই জানান যে, সুরক্ষা সেবা বিভাগে অধিদপ্তর হতে প্রেরিত অনিষ্পন্ন বিষয়সমূহের নিষ্পত্তির কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।</td>
<td>• সুরক্ষা সেবা বিভাগের অনুবিভাগ প্রধানগণের সাথে আলোচনাক্রমে অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তি করা।</td>
<td>অধিদপ্তর প্রধান (সকল)/ অনুবিভাগ প্রধান (সকল)</td>
</tr>
<tr>
<td>২.১১</td>
<td colspan="2">প্রশিক্ষণ (জানুয়ারি, ২০২১): বার্ষিক ৬০ ঘন্টার প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রার বিপরীতে প্রদত্ত প্রশিক্ষণ ঘণ্টা ।<br>
<table>
<tr><th>অধিদপ্তর</th><th>শ্রেণি</th><th>ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ ঘণ্টা</th></tr>
<tr><td>ডিআইপি</td><td>১ম</td><td>৬৫</td></tr>
<tr><td></td><td>২য়</td><td>১৩</td></tr>
<tr><td></td><td>৩য়</td><td>৮</td></tr>
<tr><td></td><td>৪র্থ</td><td>--</td></tr>
<tr><td>ডিএনসি</td><td>১ম</td><td>১৫</td></tr>
<tr><td></td><td>২য়</td><td>১৯</td></tr>
<tr><td></td><td>৩য়</td><td>১৯</td></tr>
<tr><td></td><td>৪র্থ</td><td>--</td></tr>
<tr><td>এফএসসিডি</td><td>১ম</td><td>১৪</td></tr>
<tr><td></td><td>২য়</td><td>৪৯</td></tr>
<tr><td></td><td>৩য়</td><td>২৮</td></tr>
<tr><td></td><td>৪র্থ</td><td>২৫</td></tr>
<tr><td>প্রিজন</td><td>১ম</td><td>৭৬</td></tr>
<tr><td></td><td>২য়</td><td>৭২</td></tr>
<tr><td></td><td>৩য় (সিভিল)</td><td>৫২</td></tr>
<tr><td></td><td>৩য় (ইউনিফর্ম)</td><td>৭০</td></tr>
<tr><td></td><td>৪র্থ</td><td>৪৮</td></tr>
</table>
সিদ্ধান্তসমূহ:<br>• জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশিক্ষণ ক্যালেন্ডারের নির্ধারিত বিষয়সহ অধিদপ্তরের প্রয়োজন ও চাহিদা মোতাবেক (Need Based) প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুত করা ও প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখা।<br>• ডিআইপি-র ৪র্থ শ্রেণির, ডিএনসির ২য় এবং ৪র্থ শ্রেণির, এফএসসিডির ১ম এবং ২য় শ্রেণির ও প্রিজনের ২য় শ্রেণির কর্মকর্তা/কর্মচারিগণের প্রশিক্ষণ কার্যক্রমের আরও দৃশ্যমান অগ্রগতি সাধন করা। এ বিভাগসহ অধীন অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারিগণের জন্য বার্ষিক ৬০ ঘন্টার Need based প্রশিক্ষণ নির্ধারিত সময়ে সম্পন্ন করা।<br>• সমন্বয়সভায় আলোচনা মোতাবেক প্রতিমাসে কর্মকর্তা-কর্মচারিগণের সমন্বয়ে শ্রেণিওয়ারী প্রদত্ত প্রশিক্ষণ ঘন্টা হিসায়ন করে প্রশিক্ষণের তথ্যাদি নিম্নের ছক মোতাবেক যথাযথভাবে ক্রমপুঞ্জিত আকারে প্রেরণ করা।
<table>
<tr><th>কর্মকর্তা/ কর্মচারির শ্রেণি</th><th>কর্মকর্তা-কর্মচারির সংখ্যা</th><th>গত মাস পর্যন্ত প্রদত্ত প্রশিক্ষণ (ঘণ্টা)</th><th>বর্তমান মাসে প্রদত্ত প্রশিক্ষণ (ঘণ্টা)</th><th>ক্রমপুঞ্জিত প্রদত্ত প্রশিক্ষণ (ঘণ্টা)</th></tr>
<tr><td>১ম শ্রেণি</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>২য় শ্রেণি</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>৩য় শ্রেণি</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>৪র্থ শ্রেণি</td><td></td><td></td><td></td><td></td></tr>
</table>
</td>
<td>অধিদপ্তর প্রধান (সকল)/ উপসচিব (প্রশাসন-১) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা।</td>
</tr>
<tr>
<td>২.১২</td>
<td>ওয়েবসাইট হালনাগাদকরণ : অধিদপ্তরসমূহের ওয়েবসাইটসমূহ নিয়মিত হালনাগাদ করার কার্যক্রম অব্যাহত আছে।
<table>
<tr><th>অধিদপ্তর</th><th>বিবেচ্যমাসে আপলোডকৃত বিষয়/তথ্য</th></tr>
<tr><td>ডিআইপি</td><td>• প্রজ্ঞাপন -২টি<br>• অফিস আদেশ-৩টি<br>• টেন্ডার নোটিশ-২টি<br>• ৩১ জানুয়ারি ২০২১ খ্রি পর্যন্ত MRP ও</td></tr>
<tr><td>ডিএনসি</td><td>• নোটিশ, মুদ্রন তথ্য, এনওসি, অফিস আদেশ ও সভার কার্যবিবরণীসহ মোট-৩৭টি বিষয় ও ৪৭টি ছবি আপলোড করা হয়েছে।</td></tr>
</table>
</td>
<td>• জারিকৃত জরুরি নোটিশসমূহ, জিও, প্রজ্ঞাপন, অফিস আদেশ, সভার কার্যবিবরণী, এনওসি, গুরুত্বপূর্ণ বিজ্ঞপ্তি, প্রকল্পের তথ্য হালকরণ ও বিভিন্ন প্রোগ্রামের ছবি ইত্যাদি গুরুত্বপূর্ণ বিষয়সমূহ যথারীতি ওয়েবসাইটে প্রতিমাসে ৭ তারিখের মধ্যে আবশ্যিকভাবে আপলোড/আপডেট করা;<br>• কারা অধিদপ্তরের ওয়েবসাইট হালনাগাদ করা হয়নি। পরবর্তী সভার পূর্বেই কর্মকর্তাদের মোবাইল নাম্বারসহ গুরুত্বপূর্ণ তথ্যাদি আপলোড করে ওয়েবসাইট আপডেট করা ।</td>
<td>অধিদপ্তর প্রধান (সকল)</td>
</tr>
</table>



| | | | |
|---|---|---|---|
| | **এফএসসিডি**<br>• নোটিশ- ১৮টি<br>• এনওসি-৪টি<br>• অফিস অর্ডার-৪৯টি<br>• বহিঃ বাংলাদেশ ছুটি-২টি<br><br>**প্রিজন**<br>• নোটিশ ১<br>• সার্কুলার-৭<br>• পোস্টিং অর্ডার/জিও- ১০টি<br>• সভার কার্যবিবরণী- ১টি<br>• এনওসি -৯টি<br>• অফিস ওর্ডার -৪টি<br>• রুলস এন্ড পলিসি- ১টি<br>• বহিঃ বাংলাদেশ ছুটি- ৪টি | • অধিদপ্তরের ওয়েবসাইটসমূহ হালনাগাদকরণের ক্ষেত্রে কোন অসুবিধার সম্মুখীন হলে সার্বিক সহযোগিতার জন্য এ বিভাগের প্রোগ্রামার (আইসিটি সেল) বরাবর দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখা।<br><br>• ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের যে সকল কর্মকর্তা মোবাইল নাম্বার ওয়েবসাইটে উল্লেখ করা হয়নি তা যথাযথভাবে নিরূপণপূর্বক ওয়েবসাইটে আপডেটের ব্যবস্থা করা। | |
| ২.১৩ | **ই-ফাইলিং:**<br>জানুয়ারি, ২০২১-এর প্রতিবেদন এটুআই-এর সংশ্লিষ্ট সার্ভারে এখনও হালনাগাদ করা হয়নি। | • ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়নে দপ্তর/সংস্থা কর্তৃক আরো দৃশ্যমান অগ্রগতি সাধন করা ও সামগ্রিক অগ্রগতি শাখা/অধিদপ্তরওয়ারী শতকরা হারে সমন্বয়সভায় উপস্থাপন করা। | **অধিদপ্তর প্রধান (সকল)/ উপসচিব (প্রশাসন-১)** |
| ২.১৪ | **ইনোভেশন ও উত্তম চর্চা :** | | **অধিদপ্তর প্রধান (সকল)/ প্রশাসন ও অর্থ অনুবিভাগ ও চিফ ইনোভেশন কর্মকর্তা** |

| অধিদপ্তরের নাম | ২০২০-২০২১ অর্থবছরে উদ্ভাবনী উদ্যোগ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ডিআইপি | • পাসপোর্ট সহায়িকা এ্যাপস চালুকরণ<br>• ওয়েববেজড ইনভেন্টরি ম্যানেজমেন্ট সিস্টেম চালুকরণ<br>• ৩টি বিভাগীয় অফিসে মোবাইল এনরোলমেন্ট ইউনিট চালুকরণ | "৩টি বিভাগীয় অফিসে মোবাইল এনরোলমেন্ট ইউনিট চালুকরণ" উদ্ভাবনী উদ্যোগটি পইলটিং হিসাবে বাস্তবায়নের জন্য গৃহীত হয়েছে। |
| এফএসসিডি | • ফায়ার ডিপ্লোমা কোর্সে ভর্তি সংক্রান্ত কার্যক্রম অনলাইনকরণ<br>• ফায়ার সাইন্স এন্ড অকুপেশনাল সেফটি কোর্সের দাপ্তরিক কার্যক্রম অনলাইনকরণ<br>• মাড কন্ট্রোল ডিভাইস ফর ল্যান্ড স্লাইডিং | • "ফায়ার ডিপ্লোমা কোর্সে ভর্তি সংক্রান্ত কার্যক্রম অনলাইনকরণ" উদ্ভাবনী উদ্যোগটি পাইলটিং এবং নতুন ডিজিটাল সার্ভিস হিসাবে গৃহীত<br>• "ফায়ার সাইন্স এন্ড অকুপেশনাল সেফটি কোর্সের দাপ্তরিক কার্যক্রম অনলাইনকরণ" উদ্ভাবনী উদ্যোগটি সেবা সহজিকরণ কার্যক্রম হিসাবে গৃহীত হয়েছে। |
| ডিএনসি | • প্যাথেডিন/মরফিন প্রাপ্তি স্থানের তথ্য ওয়েবসাইটে প্রকাশ<br>• অনলাইন সার্টিফিকেট কোর্স অন নারকোটিক্স<br>• মাদকবিরোধী অনলাইন কুইজ প্রতিযোগিতা | • "প্যাথেডিন/মরফিন প্রাপ্তি স্থানের তথ্য ওয়েবসাইটে প্রকাশ" উদ্ভাবনী উদ্যোগটি পাইলটিং এবং নতুন ডিজিটাল সার্ভিস হিসাবে গৃহীত |
| প্রিজন | • এসএমএস এর মাধ্যমে বন্দির অবস্থান, জামিন/খালাস এর তথ্য প্রদান<br>• ওয়েস্টেজ ম্যানেজম্যান্ট এন্ড ইউজেস<br>• হাইকোর্টে আপিল প্রক্রিয়া সহজিকরণ<br>• হট নাম্বার চালুকরণ | • "এসএমএস এর মাধ্যমে বন্দির অবস্থান, জামিন/খালাস এর তথ্য প্রদান" উদ্ভাবনী উদ্যোগটি পাইলটিং এবং নতুন ডিজিটাল সার্ভিস হিসাবে গৃহীত |

**সিদ্ধান্তসমূহঃ**

- প্রত্যেক মাসের মাসিক সমন্বয়সভায় বিভাগ/অধিদপ্তরওয়ারী ইনোভেশন ও উত্তমচর্চা বিষয়ে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক সভায় উপস্থাপন করা।
- ইনোভেশন ত্বরান্বিত করার জন্য একটি ফিল্ড ট্যুরের ব্যবস্থা করা।

**২.১৫ ভিডিও কনফারেন্সিং :**

| বিভাগ/ সংস্থা | ভিডিও কনফারেন্সের সংখ্যা |
|---|---|
| এসএসডি | ৭টি |
| ডিআইপি | ১টি |
| ডিএনসি | ১টি |
| এফএসসিডি | ৮টি |
| প্রিজন | ৩ টি |

- মাঠ পর্যায়ের দপ্তরের সাথে চলমান উন্নয়ন ও সেবামূলক কাজের মানোন্নয়নের জন্য প্রত্যেক মাসে অধিদপ্তর কর্তৃক ভিডিও কনফারেন্সিং-এর আয়োজন করা।
- সুরক্ষা সেবা বিভাগ ও অধীন অধিদপ্তর কর্তৃক আয়োজিত ভিডিও কনফারেন্সর যাবতীয় তথ্য (ভিডিও কনফারেন্সর বিষয়, তারিখ ও সময়, সংশ্লিষ্ট দপ্তর সংস্থা) প্রশাসন-৩ শাখা বরাবর প্রেরণ করা।

**দায়িত্ব:** অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা

**২.১৬ সুরক্ষা সেবা বিভাগ ও অধীন দপ্তরসমূহে চলমান বিভাগীয় মামলার পরিসংখ্যান :**

| দপ্তর/সংস্থা | সুরক্ষা সেবা বিভাগ+ অধিদপ্তরসমূহের, ১ম শ্রেণির কর্মকর্তাগণের বিরুদ্ধে চলমান বিভাগীয় মামলা | সুরক্ষা সেবা বিভাগ+ অধিদপ্তরসমূহের ১ম শ্রেণির কর্মকর্তাগণের বিরুদ্ধে আপিল মামলা | অধিদপ্তরসমূহের কর্মকর্তা ও কর্মচারীগণের বিরুদ্ধে চলমান বিভাগীয় মামলা | অধিদপ্তরসমূহের কর্মকর্তা ও কর্মচারীগণের বিরুদ্ধে আপিল মামলা |
|---|---|---|---|---|
| এসএসডি | ১ | ০ | ০ | ০ |
| ডিআইপি | ৮ | ০ | ১০ | ০ |
| এফএসসিডি | ২ | ০ | ৪৭ | ৯ |
| ডিএনসি | ৪ | ১ | ২৩ | ৫ |
| কারা | ২০ | ১ | ৬৯৩ | ২ |
| মোট | ৩৫ | ২ | ৭৭৩ | ১৬ |

সিদ্ধান্তসমূহ :

- কর্মকর্তাগণের বিরুদ্ধে চলমান বিভাগীয় পেন্ডিং মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করা;
- এ বিভাগসহ অধিদপ্তরসমূহের মামলাসমূহের ডাটাবেইজ প্রস্তুতকরণ কর্যক্রম দীর্ঘদিন যাবৎ অনিষ্পন্ন আছে। এ বিভাগের প্রোগ্রামার কর্তৃক একটি ডাটাবেইজ প্রণয়নের অনিষ্পন্ন কার্যক্রম দ্রুত সম্পন্ন করা এবং প্রত্যেক মাসে-এর আপডেট প্রদান করা।

**দায়িত্ব:** অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান/আইন ও শৃঙ্খলা অনুবিভাগ/ প্রোগ্রামার

| ক্রম | বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ২.১৭ | পাসপোর্ট সংক্রান্তে এ্যাপস প্রস্তুতের অগ্রগতি | • পাসপোর্ট এ্যাপস তৈরির কার্যক্রম দ্রুত সম্পন্ন করা। | মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর। |
| ২.১৮ | মুজিববর্ষ(১৭ মার্চ ২০২০-১৬ ডিসেম্বর ২০২১)-এর কর্মসূচি বাস্তবায়ন। নির্বাচনী ইসতেহার-এ উল্লিখিত লক্ষ্য ও পরিকল্পনা বাস্তবায়ন। | • মুজিববর্ষ (১৭ মার্চ ২০২০-১৬ ডিসেম্বর ২০২১)-উপলক্ষ্যে গৃহীত কর্মসূচির বাস্তবায়ন অব্যাহত রাখা এবং অগ্রগতি সমন্বয়সভায় উপস্থাপন করা।<br>• সরকারের নির্বাচনী ইশতেহার-এ উল্লিখিত লক্ষ্য ও পরিকল্পনার পরিপ্রেক্ষিতে গৃহীত কর্মসূচিসমূহ নির্ধারিত সময়ে বাস্তবায়ন অব্যাহত রাখা এবং অগ্রগতি মাসিক সমন্বয়সভায় উপস্থাপন করা। | • সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ/অধিদপ্তর প্রধান সকল। |
| ২.১৯ | স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপন | • বছরব্যাপী (২৬ মার্চ, ২০২১ হতে ১৬ ডিসেম্বর ২০২১) সুবর্ণজয়ন্ত্রী পালনের খসড়া কর্মসূচি ২৮.০২.২০২১ তারিখ বিকাল ৪.০০ টার মধ্যে এ বিভাগে প্রেরণ করা।<br>• অধিদপ্তরসমূহ হতে প্রেরিত খসড়া কর্মসূচি এ বিভাগের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপন কমিটি কর্তৃক যাচাই-বাছাই করে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনা প্রস্তুত করা।<br>• প্রস্তুতকৃত কর্মপরিকল্পনা ২৮.০২.২০২১ তারিখের মধ্যে প্রস্তুত করে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ধার্য্যকৃত সময়ের মধ্যে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা। | • সুরক্ষা সেবা বিভাগের সংশ্লিষ্ট কমিটি/অধিদপ্তর প্রধান সকল। |
| ২.২০ | বিবিধ | • 'নো মাস্ক নো সার্ভিস' বাস্তবায়ন করতে হবে | • সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ/অধিদপ্তর প্রধান সকল। |

৩। সভাপতি এ বিভাগের কর্মকর্তাগণকে তাঁদের মেধা, মনন, প্রজ্ঞা, দক্ষতা ও অভিজ্ঞতা কাজে লাগিয়ে অর্পিত দায়িত্ব নিষ্ঠার সহিত পালন করে সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ জানান। তিনি পেন্ডিং বিষয়সমূহ অগ্রাধিকারভিত্তিতে অত্যন্ত দ্রুততার সাথে নিষ্পত্তি করতে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। নির্বাচনী ইশতেহার, মুজিববর্ষের কর্মসূচিসমূহ যথাযথভাবে বাস্তবায়ন, রূপকল্প ২০২১ ও ২০৪১ বাস্তবায়নে প্রত্যেককেই নিজ নিজ অবস্থান থেকে আরো আন্তরিকভাবে কাজ করার জন্য আহ্বান জানান। তিনি সভায় উপস্থিত সকল সদস্য ও তাঁদের অধীন কর্মকর্তা-কর্মচারিগণের উদ্দেশ্যে বলেন, সেবা প্রদানকালে জনগণ যেন ভোগান্তির শিকার না হন সে বিষয়টি সর্বাগ্রে খেয়াল রাখতে হবে। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ শহিদুজ্জামান)
সিনিয়র সচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়